



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
গজারিয়া, মুন্সীগঞ্জ।

<http://dwa.gajaria.munshiganj.gov.bd>

স্মারকনং: ৩২.০১.৫৯২৪.০০০.৬৬.০০১.১৭- ১১৯

তারিখঃ ০১/১২/২০২৫ খ্রি.

ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ এ নিম্নে লিখিত কোর্সে ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি হতে ইচ্ছুক ছাত্রীগণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে ০২ ডিসেম্বর ২০২৫ হতে ২৩ ডিসেম্বর/২০২৫ এর মধ্যে আবেদন ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

কোর্সের নাম : দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ;

কোর্সের মেয়াদ : ৩ (তিন) মাস (১ জানুয়ারি/২০২৬ হতে ৩১ মার্চ/২০২৬ খ্রি: পর্যন্ত);

আসন সংখ্যা : ৩০ (ত্রিশ) জন;

প্রয়োজনীয় কাগজপত্র : পাসপোর্ট সাইজের সত্যায়িত ৩ (তিন) কপি ছবি, ভোটার আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি ১(এক) কপি, ইউনিয়ন চেয়ারম্যানের প্রদত্ত নাগরিকত্ব সনদ এর সত্যায়িত ফটোকপি ০১ (এক) কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

বয়স : ১৮ বছর হতে ৪০ বছর;


শিক্ষাগত যোগ্যতা : নূন্যতম ৮ম শ্রেণী পাশ;

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ২৩ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। সরকারি ছুটির দিন ব্যতিত।

সাক্ষাৎকার/বাছাই :

উল্লেখ্যঃ ইতিপূর্বে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, গজারিয়া, মুন্সীগঞ্জ থেকে যারা দর্জি বিজ্ঞান প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

বিঃদ্র:- দুঃস্থ, বিধবা, স্বামী পরিত্যক্ত ও অসহায় মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে। প্রশিক্ষণ প্রাপ্ত ছাত্রীদের উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে হাজিরা ভাতা প্রদান করা হবে (বেরাদ পাওয়া সাপেক্ষে)।


(সাদিয়া আফরিন)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
গজারিয়া, মুন্সীগঞ্জ।

E-mail: waogazaria@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো: (ক্ষেত্রাত্মক ক্রমানুসারে নয়)

১. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৩. উপজেলা কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।